# সমঝোতা স্মারক
# (Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস)

ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কজ ৬১০২৬২৩

**যুব উন্নয়ন অধিদপ্তর এবং ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস)-এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক**
**(Memorandum of Understanding)**

১. ভূমিকা ঃ

বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮ মতিঝিল বা /এ, ঢাকা-১০০০ এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুবদেরকে বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা প্রদান করে থাকে। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রতিষ্ঠানিক ও ৪৯৫টি উপজেলায় (১০টি মেট্রোপলিটান ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারনমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর শুরু থেকে এ পর্যন্ত মোট ৪৫,১৫,১৪১ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে ২০,০৮,২৯৮ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। তাদের মধ্যে ৮,৩৪,৩৫১ জনকে যুব উন্নয়ন অধিদপ্তর হতে ১৩৫৬ কোটি ৪৯ লক্ষ ৫৫ হাজার টাকা ঋণ সুবিধা প্রদান করা হয়েছে।

ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস) জাতীয় পর্যায়ের একটি বেসরকারী সংগঠন হিসেবে হতদরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে দেশব্যাপী ফাউন্ডেশন ও প্রধান কার্যালয়, প্রকল্প অফিস এবং প্রশিক্ষণ কেন্দ্রসহ মোট ১২০০টি শাখা অফিসের মাধ্যমে বিভিন্ন প্রকার কর্মসূচি বাস্তবায়ন করছে, যার ঠিকানা- বাড়ি-৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা-১২১৬। উভয় পক্ষের লক্ষ্য ও উদ্দেশ্য অভিন্ন হওয়ার একে অপরের পরিপূরক ও সম্পূরক হিসেবে কাজ করার নিমিত্ত যুব উন্নয়ন অধিদপ্তর ও ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস) এর মধ্যে ২৯-০৫-২০০৮ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছিল। উক্ত সমঝোতা স্মারকের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উভয় প্রতিষ্ঠান পুনরায় একটি সমঝোতা স্মারক স্বাক্ষরে সম্মত হয়েছে। এই সমঝোতা স্মারকে যুব উন্নয়ন অধিদপ্তর প্রথম পক্ষ এবং ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস) দ্বিতীয় পক্ষ হিসেবে বিবেচিত হবে।

২. উদ্দেশ্য ঃ

২.১ এই সমঝোতা স্মারকের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তর ও ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস) উভয় প্রতিষ্ঠানের প্রায়োগিক, ব্যবহারিক শিক্ষা ও সেবা প্রদানের কার্যক্রমকে আরো বেগবান ও ফলপ্রসূ করার লক্ষ্যে একে অপরের দেশব্যাপী বিদ্যমান অবকাঠামো, প্রশিক্ষণ ও অন্যান্য সুযোগ সুবিধা ব্যবহার করা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কজ ৬১০২৬২৫

### ৩. সমঝোতা স্মারকের শর্তাবলী ঃ

৩.১ ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস)-এর কার্যক্রমকে সহায়তা করার জন্য ১ম পক্ষ যুব উন্নয়ন অধিদপ্তর ১ম পক্ষের দেশব্যাপী বিদ্যমান প্রশিক্ষণ ভেন্যু, ডরমেটরি ও হোস্টেল ব্যবহারে সুযোগ প্রদান করবে। একইভাবে ২য় পক্ষ তাঁর প্রতিষ্ঠানের অনুরূপ সকল সুবিধাদি ১ম পক্ষকে ব্যবহারের সুযোগ প্রদান করবে।

৩.২ দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের প্রশিক্ষণ ভেন্যু, ডরমেটরি ও হোস্টেল ব্যবহারের প্রয়োজনীয়তা ন্যূনতম এক মাস পূর্বে প্রথম পক্ষকে অবহিত করবে। তবে শর্ত থাকে যে, প্রথম পক্ষের উল্লেখিত বিভিন্ন স্থাপনা ও অবকাঠামোসমূহ খালি থাকা সাপেক্ষে দ্বিতীয় পক্ষকে ব্যবহারের অনুমতি প্রদান করা হবে।

৩.৩ দ্বিতীয় পক্ষকে প্রথম পক্ষের (যুব উন্নয়ন অধিদপ্তরের) প্রশিক্ষণ ভেন্যু, ডরমেটরি ও হোস্টেল ব্যবহারের ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রচলিত বিধি-বিধান ও নিয়মাবলী মেনে চলতে হবে।

৩.৪ দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের প্রশিক্ষণ ভেন্যু, ডরমেটরি ও হোস্টেল ব্যবহারের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হারে মূল্য পরিশোধ করবে।

৩.৫ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রয়োজন অনুসারে উভয়পক্ষ সংশ্লিষ্ট ট্রেডের দক্ষ প্রশিক্ষক/ রিসোর্স পার্সন সরবরাহের মাধ্যমে সহযোগিতা প্রদান করবে।

৩.৬ দ্বিতীয় পক্ষ ১ম পক্ষের সুপারিশক্রমে যে কোন যুবক/ যুবমহিলাকে যোগ্যতানুসারে উপযুক্ত কর্মসংস্থান/ চাকুরি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেবে।

৩.৭ এই সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন অসঙ্গতি কিংবা সমস্যার উদ্ভব হলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩.৮ উভয় পক্ষের সম্মতিক্রমে এ সমঝোতা স্মারকের যে কোন অনুচ্ছেদ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করা যাবে।

৩.৯ এ সমঝোতা স্মারক সুষ্ঠুভাবে বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে পরিচালক (পরিকল্পনা) এবং ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস) এর পক্ষে নিগার সুলতানা, পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কজ ৬১০২৬১০

০৪. সমঝোতা স্মারকের মেয়াদকাল ঃ

৪.১ এই সমঝোতা স্মারকের মেয়াদকাল হবে স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর।

৪.২ এই সমঝোতা স্মারকের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে যে কোন পক্ষ এর কার্যকারিতা ০২ (দুই) মাসের নোটিশ প্রদান করে বাতিল করতে পারবে।

৪.৩ এই সমঝোতা স্মারকের মেয়াদ উভয় পক্ষের সম্মতিসাপেক্ষে বৃদ্ধি করা যাবে।

উল্লেখিত বিষয়বস্তু ও শর্তাবলী বিবেচনাপূর্বক উভয় পক্ষই একমত হয়ে অদ্য ০৩-০২-২০১৬ তারিখ সমঝোতা স্মারক স্বাক্ষর করলাম।

ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস) এর পক্ষে

(অধ্যাপিকা ড. হোসনে আরা বেগম)
নির্বাহী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর বাংলাদেশ-এর পক্ষে

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক

সাক্ষী :

১।

Nigar S...
Director

সাক্ষী:

১।

৩/২/১৬
আবুল হাসান খান
যুগ্ম সচিব
পরিচালক (পরিকল্পনা)
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়